দৈনিক জনকণ্ঠ

তারিখ ... SEP. 5 1999
পৃষ্ঠা 2 কলাম 8

# চবি'তে বিরাজমান সঙ্কট নিরসনে ছাত্রলীগের ৮ দফা পেশ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বিরাজমান সঙ্কট নিরসনে লিয়াজোঁ কমিটি শনিবার ছাত্রলীগ ও ছাত্রসমাজের সাথে পৃথক সমঝোতা বৈঠক করেছে। বৈঠকে অবিলম্বে আন্তঃক্যাম্পাস বাস চালু, বিশ্ববিদ্যালয় খোলা এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি'র আদলে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে শহরে একটি সিটি সেন্টার চালুসহ ৮ দফা দাবিনামা পেশ করেছে ছাত্রলীগ। সকাল ১১টায় প্রক্টর অফিসে অনুষ্ঠিত বৈঠকে ছাত্রলীগের পক্ষে বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক মোঃ কলিম, ফজলুল হক টিপু, আলমগীর আলী, লিফটন, বেলাল মোঃ নূরী, নাসির হায়দার বাবুল, জিল্লুর রহমান জুয়েল ও আলী মর্তুজা উপস্থিত ছিলেন। তবে বৈঠকে সংগঠনের সভাপতি শাহজাহান চৌধুরী ও শফিক গ্রুপ প্রধান শফিকুল ইসলামের অনুপস্থিতিতে নতুন রহস্যের সৃষ্টি করেছে। শাহজাহান চৌধুরী সাম্প্রদায়িকতাবিরোধী ছাত্রঐক্যের ব্যানারে আলোচনায় বসার পক্ষপাতী বলে ক্যাম্পাস সূত্র জানায়। এছাড়া বিকাল ২টায় চার সদস্যবিশিষ্ট ছাত্র সমাজও আন্তঃক্যাম্পাস বাস চালুসহ অবিলম্বে বিশ্ববিদ্যালয় খোলার দাবি জানিয়েছে। কলা অনুষদের ডিন ডঃ ইমরান হোসেনের নেতৃত্বে চার সদস্যবিশিষ্ট লিয়াজোঁ কমিটি আজ রবিবার ছাত্রফ্রন্ট ও ছাত্রসেনার সাথে বৈঠকে বসবে।

এদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অন্যতম অরাজনৈতিক সংগঠন স্টুডেন্ট সলিডারিটি শনিবার এক সাংবাদিক সম্মেলনে আগামী এক সপ্তাহের মধ্যে ক্যাম্পাসবাস চালু করে বিশ্ববিদ্যালয় খোলার দাবি জানিয়েছে। সম্মেলনে বাস চালুর আন্দোলনে সকল ছাত্র সংগঠনকে অনড় থাকার অনুরোধ জানানো হয়। সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সভাপতি মাহফুজুর রহমান।